# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৯ম    বিষয় ঃ কুরআন মাজীদ ও তাজভীদ (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট    বিষয় কোড: ১০১    পূর্ণমান ঃ ৩০**

[বি. দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান সমান। প্রশ্নপত্রে কোনো দাগ দেয়া নিষিদ্ধ।]

১। সাফা ও মারওয়া পাহাড়দ্বয়ের মাঝে সায়ী করা হজ্বের কোন বিধান?
ক. ফরয    খ. ওয়াজিব    গ. সুন্নাত    ঘ. মুস্তাহাব

২। ইহুদীদের কে কী কামনা করতে বলা হয়েছে?
ক. জান্নাত    খ. জীবন    গ. মৃত্যু    ঘ. সম্পদ

৩। واتينا عيسى بن مريم البينت এখানে البينت দ্বারা কী বুঝানো হয়েছে?
ক. معجزة    খ. كرامة    গ. إرهابية    ঘ. استدراج

৪। সবচেয়ে বড় জালেম হল-
i. মসজিদ ধ্বংসকারী    ii. মুসল্লিদের জুতাচোর
iii. মসজিদে ইবাদতে বাধা দানকারী
নিচের কোনটি সঠিক?
ক. i, ii    খ. ii, iii    গ. i, iii    ঘ. i, ii ও iii

৫। نسخ কত প্রকার?
ক. দুই    খ. তিন    গ. চার    ঘ. পাঁচ

৬। مُصَدِّقٌ শব্দের অর্থ কী?
ক. প্রবেশকারী    খ. আগমনকারী    গ. প্রতিজ্ঞাকারী    ঘ. সত্যয়নকারী

◙ নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
রাজাপুর গ্রামের মানিক হুজুর যাদু, টোনা ইত্যাদি করে থাকে, তার দাবী সে সোলেমানী যাদু করছে। এটা ভালো জিনিস।

৭। মানিক হুজুরের কাজটি ইসলামের দৃষ্টিতে কেমন?
ক. হারাম    খ. মোবাহ
গ মাকরুহে তাহরিমী    ঘ. মাকরুহে তানযিহী

৮। তোমার দৃষ্টিতে মানিক হুজুরের কোন্ কাজটি উচিৎ?
ক. যাদুর কাজ চালিয়ে যাওয়া    খ. ভালো ভালো যাদু করা
গ. তাবিজ দেওয়া    ঘ. যাদু ছেড়ে তাওবা করা

৯। كبيرة এর جمع কী?
ক. كبيرات    খ. اكابر    গ. كبائر    ঘ. كبيرون

১০। وَيُزَكِّيْهِمْ এর মধ্যকার يُزَكِّيْ এর মাসদার কী?
ক. زكاة    খ. تزكية    গ. تزكّى    ঘ. زكواة

১১। السفهاء এর واحد কী?
ক. السفه    খ. الأسفه    গ. السفيه    ঘ. السفاهة

১২। يهدى من يشاء আয়াতাংশে من يشاء এর محل الإعراب কী?
ক. مرفوع    খ. منصوب    গ. مجرور    ঘ. مجزوم

১৩। ﴿وكذالك جعلناكم امة وسطا﴾ আয়াত দ্বারা প্রমাণিত হয়-
i. উম্মতে মুহাম্মাদী শ্রেষ্ঠ উম্মত
ii. উম্মতে মুহাম্মাদী ন্যায়পরায়ণ
iii. ইজমায়ে উম্মত গ্রহণযোগ্য
নিচের কোনটি সঠিক?
ক. i, ii    খ. ii, iii    গ. i, iii    ঘ. i, ii ও iii

১৪। قَانِتُوْنَ এর মাসদার কী?
ক. اَلْقَنْتُ    খ. اَلْقُنُوْتُ    গ. اَلْقِنْتَانُ    ঘ. اَلْقَنَاتُ

নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
একদা মোবারক তার বন্ধু সহ রংপুর গেল। যোহরের নামাযের সময় হলে মোবারক উত্তর দিকে ফিরে নামাজ পড়তে লাগল। তার বন্ধু তাকে বলল তুমি তো ইহুদিদের কেবলার দিকে ফিরে নামাজ পড়ছো। মোবারক বলল بيت المقدس ও মুসলিমদের কেবলা।

১৫। উত্তর দিকে নামাজ পড়ে মোবারক নামাজের কোন বিধান লঙ্ঘন করেছে?
ক. ফরয    খ. ওয়াজিব    গ. সুন্নাত    ঘ. মুস্তাহাব

১৬। তোমার মতে মোবারকের নামাজ কীরূপ হবে?
ক. জায়েজ    খ. মাকরুহে তানযিহী
গ. বাতিল    ঘ. মাকরুহে তাহরিমী

১৭। ابن السبيل দ্বারা কাকে উদ্দেশ্য?
ক. পথিক    খ. ধন-সম্পদশালী    গ. ভিক্ষুক    ঘ. মুসাফির

১৮। হিজরতের পর রাসূল (সা.) بيت المقدس এর দিকে ফিরে কত দিন নামাজ পড়েছেন?
ক. ২৭ মাস    খ. ১৬/১৭ মাস    গ. ১৪ মাস    ঘ. ১২ মাস

১৯। تَقَلُّبَ এর باب কোনটি?
ক. تفعيل    খ. تفاعل    গ. إفعال    ঘ. تفعل

২০। مصيبة এর অর্থ কী?
ক. অসুখ    খ. বিপদ    গ. অনিষ্ট    ঘ. জ্বর

২১। كلوا কোন صيغة?
ক. جمع مذكر حاضر    খ. جمع مؤنث حاضر
গ. جمع مذكر غائب    ঘ. جمع مؤنث غائب

২২। ইবরাহীম (আ.) দোয়া করেছেন কোন শহরের জন্য?

ক. মক্কা খ. মদীনা গ. জেরুজালেম ঘ. বাবেল

২৩। বেশি প্রসিদ্ধ ক্বারী কতজন?

ক. ৪ জন খ. ৭ জন গ. ৮ জন ঘ. ১০ জন

২৪। সর্বমোট আসমানী কিতাবের সংখ্যা কত?

ক. ১০২ খানা খ. ১০৩ খানা গ. ১০৪ খানা ঘ. ১০৫ খানা

২৫। اختلاف শব্দটি কোন باب এর মাসদার?

ক. افتعال খ. انفعال গ. استفعال ঘ. إفعال

২৬। نون ساكن وتنوين এর কায়দা কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

২৭। قلقلة এর হরফ কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

২৮। ط হরফটি نون ساكن وتنوين এর কোন কায়দার?

ক. ইযহার খ. ইখফা গ. ইদগাম ঘ. ইকলাব

২৯। ইলমে তাজভীদের উদ্দেশ্য-

i. মাখরাজের ভুল উচ্চারণ থেকে বেঁচে থাকা

ii. অক্ষরের সিফাত ঠিকমত আদায় করা

iii. সাত কেরাতের হাকীকত উপলব্ধি করা

নিচের কোনটি সঠিক?

ক. i, ii খ. ii, iii গ. i, iii ঘ. i, ii ও iii

৩০। ওমরার ফরজ কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## অর্ধ বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ ৯ম

## বিষয় ঃ কুরআন মাজীদ ও তাজভীদ (সৃজনশীল)

**সময় ঃ ২: ৩০ ঘন্টা** **পূর্ণমান ঃ ৭০**

**[বি. দ্রঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথার্থ উত্তর দাও। কুরআন হতে ৫টি, নির্বাচিত বিষয় হতে ১টি এবং তাজভীদ অংশ হতে ১টি সহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]**

### কুরআন মাজীদ

১। শ্রেণি শিক্ষক আবু সুফিয়ান সাহেব একবার ক্লাসের শিক্ষার্থীদেরকে বললেন, তোমরা কি জান? ইহুদিরা হযরত জিব্রাইল (আ.) কে কেন শত্রু মনে করত? ক্লাসের ফার্স্টবয় আল আমিন দাঁড়িয়ে বলল, স্যার! হযরত জিবরাঈল (আ.) মহানবী (সা.) এর নিকট বিভিন্ন বিষয়ে অহী নিয়ে আসতেন বলে তারা তাকে শত্রু মনে করত। স্যার বললেন, ঠিকই বলেছ। তাদের পরিণতি কিন্তু ভালো নয়। এরপর তিনি নিচে বর্ণিত আয়াত দু'টি তেলাওয়াত করলেন

﴿قل من كان عدوا لجبريل فإنه نزله.............﴾

﴿من كان عدوا لله وملائكته ورسله وجبريل...........﴾

ক. ইহুদিদের প্রতি অবতীর্ণ আসমানি কিতাবের নাম কী? ১

খ. উদ্দীপকে উদ্ধৃত আয়াত দু'টির বঙ্গানুবাদ লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত আয়াতদ্বয়ের তিনটি শিক্ষা খুঁজে বের কর। ৩

ঘ. জিবরাইল (আ.) এর সাথে শত্রুতা পোষণ করায় ইহুদিদের বক্তব্যের প্রতিবাদে উদ্দীপকে বর্ণিত আয়াতদ্বয় নাযিল হয়। এ ব্যাপারে তোমার মতামত তাফসীরকারগণের মতের আলোকে বর্ণনা কর। ৪

২। তাশফিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স ১ম বর্ষে পড়ে। ডেভিড নামের এক বন্ধুর সাথে একদা তার কথা কাটাকাটি হয়। তাশফিক বলল, কোনো আয়াত মানসুখ হতে পারে। এটা আল্লাহর হেকমতের অন্তর্ভুক্ত। কিন্তু তার বন্ধু বলল, ভবিষ্যৎ সম্পর্কে অজ্ঞাতাই কোনো কিছুকে রহিত করার জন্য বাধ্য করে। তখন তাশফিক তার দাবির পক্ষে নিম্নোক্ত আয়াতটি তেলাওয়াত করে শোনায়-

﴿ما ننسخ من اية او ننسها نأت بخير منها او مثلها ........ الخ﴾

ক. النسخ শব্দের বাব কী? ১

খ. النسخ বলতে কী বোঝায়? ২

গ. কোনো আয়াত মানসুখ হওয়া হেকমতপ্রসূত প্রমাণ কর। ৩

ঘ. তুমি কি ডেভিডের মন্তব্যের সাথে একমত? তোমার মতের পক্ষে যুক্তি দেখাও। ৪

৩। ইসলামবাদ মাদ্‌রাসার ৯ম শ্রেণির কুরআন ক্লাসে শিক্ষক বললেন, আমাদের উপর আল্লাহ তায়ালার কিতাবের হক হলো, আমাদেরকে প্রথমে এ কুরআন বিশ্বাস করতে হবে। অত:পর বিশুদ্ধভাবে অর্থ বুঝে তেলাওয়াত করতে হবে এবং সে অনুযায়ী আমল করতে হবে। করিম বলল, হুজুর! আমাদের সমাজের অনেক মুসলিম আছে যারা বিশুদ্ধভাবে এখনো কুরআন তেলাওয়াত করতে পারে না। অর্থ বুঝে পড়া এবং আমলে পরিণত করা তো সুদূর পরাহত। হুজুর বললেন, কুরআনের আলোকে জীবন গড়া সকলের জন্য ফরয। পক্ষান্তরে তা অস্বীকার করা কুফরী।

ক. اتيناهم এর বাব কী? ১

খ. يتلونه حق تلاوته এর ব্যাখ্যা কর। ২

গ. উক্ত কিতাবের হক যারা আদায় করতে পারবে না- তাদের পরিণতি বর্ণনা কর। ৩

ঘ. শিক্ষকের কথা, 'কুরআনের আলোকে জীবন গড়া সকলের জন্য ফরয'- এ উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৪। অচিনপুর গ্রামের একদল লোক নামায-রোযা সহ ইসলামের কোনো বিধানই পালন করে না। তাদেরকে নেক আমলের কথা বলা হলে তারা বলে, আমরা মুসলমান, আমাদের পূর্বপুরুষ মুসলমান। সুতরাং আমরা তো বেহেশতে যাবই। এতো আমলের দরকার কী? তাদের এরূপ কথা শুনে সে গ্রামের বাসিন্দা অধ্যক্ষ সাহেব বললেন, এ জাতীয় কথাবার্তা পূর্বেকার ইহুদি নাসারাগণও বলত। এসব আদৌ ঠিক নয়; বরং ব্যক্তিকে তার আমল অনুযায়ীই পুরষ্কার কিংবা তিরষ্কার করা হবে। এরপর তিনি আল কুরআনের নিচের আয়াত শুনিয়ে দিলেন-

﴿وقالوا لن يدخل الجنة إلا من كان هودا ........ الخ﴾

ক. الجنة অর্থ কী? ১

খ. هاتوا برهانكم এর ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত অচিনপুর গ্রামের অধিবাসীদের সাথে ইহুদি-নাসারাদের মিল দেখাও। ৩

ঘ. অধ্যক্ষ সাহেবের উক্তি- 'ব্যক্তিকে তার আমল অনুযায়ীই পুরষ্কার কিংবা তিরষ্কার করা হবে'- তুমি কি এর সাথে একমত? কুরআনের আলোকে বর্ণনা কর। ৪

৫। ৯ম শ্রেণিতে আল কুরআন ক্লাসে শিক্ষক কিবলা পরিবর্তনের ঘটনা পড়াচ্ছিলেন। তখন শিক্ষক বললেন, প্রথমত ইহুদিদের মন জয় এবং দুর্বল ইমানদারদের পরীক্ষা ইত্যাদির কারণে মুসলমানদের কিবলা পরিবর্তনের ঘটনা ঘটে। কিন্তু মুনাফিকগণ এতে ঠাট্টা-বিদ্রুপ করা শুরু করে। অত:পর তিনি তেলাওয়াত করলেন-

﴿سيقول السفهاء من الناس ما ولهم عن قبلتهم التى كانوا عليها قل لله المشرق والمغرب يهدى من يشاء إلى صراط مستقيم﴾

ক. কত হিজরীতে কিবলা পরিবর্তন হয়? ১

খ. উদ্দীপকে বর্ণিত আয়াতটির বঙ্গানুবাদ লেখ। ২

গ. কিবলা পরিবর্তন ঘটনায় মুনাফিকদের ঠাট্টা-বিদ্রুপের সাথে বর্তমান যুগের কাদের মিল আছে? বর্ণনা কর। ৩

ঘ. কিবলা পরিবর্তনের ঘটনায় শিক্ষকের বর্ণিত কারণগুলো সম্পর্কে তোমার মতামত কী? কুরআনের

আলোকে বর্ণনা কর। ৪

৬। রমিজ উদ্দিন একজন দীনদার মুসলমান। একদা সে মসজিদের ইমাম সাহেবের কাছে গিয়ে বলল, হুজুর আল্লাহ তাআলা মানুষকে বিপদ দেন এবং তিনিই উদ্ধার করেন। কিন্তু বিপদ এলে আমাদের করণীয় কী? তখন ইমাম সাহেব নিম্নোক্ত আয়াত পড়ে তাকে বিপদের সময় কী কী করণীয় আছে, তা বুঝিয়ে দেন-

﴿يايها الذين امنوا استعينوا بالصبر والصلوة.......... الخ﴾

ক. الصبر কী? ১

খ. উদ্দীপকে বর্ণিত আয়াতের ব্যাখ্যামূলক অনুবাদ কর। ২

গ. বর্ণিত আয়াত থেকে ৩টি শিক্ষা খুঁজে বের কর। ৩

ঘ. ইমাম সাহেব রমিজ উদ্দিনকে কী কী পরামর্শ দিয়েছিলেন বলে তুমি মনে কর? কুরআনের আলোকে বর্ণনা কর। ৪

৭। মুহসিনা দাখিল নবম শ্রেণির ছাত্রী। সে ফজরের নামাযের পর নিয়মিত কুরআন পড়ে। একদিন কুরআন পড়া শেষে তার বাবার কাছে বনি ইসরাঈল সম্পর্কে জানতে চাইলে তার পিতা মাওলানা তারেক মাসুন বলেন, বনি ইসরাঈল একটি কলঙ্কিত জাতির নাম। মুসা (আঃ) এর তিরোধানের পর তাদের হেদায়াতের জন্য অনেক নবী রাসূল প্রেরিত হয়েছেন। কিন্তু তারা ঈমান গ্রহণ না করে অহংকার করেছে এবং নবীদেরকে হত্যা করেছে। ফলে তাদের ওপর আল্লাহর অভিসম্পাত পতিত হয়েছে। এরপর নিচে বর্ণিত আয়াতটি তেলাওয়াত করেন।

ولقد اتينا موسى الكتب وقفينا من بعده بالرسل – واتينا عيسى بن مريم البينت وايدنه بروح القدس – افكلما جاءكم رسول بما لاتهوى انفسكم استكبرتم ففريقا كذبتم وفريقا تقتلون.

ক) روح القدس দ্বারা কাকে বোঝানো হয়েছে? ১

খ) উদ্দীপকে বর্ণিত আয়াতে কারীমাটির বঙ্গানুবাদ কর। ২

গ) উদ্দীপকে বর্ণিত আয়াত থেকে তিনটি শিক্ষা খুঁজে বের কর। ৩

ঘ) নবীদের সাথে বনি ইসরাঈলের আচরণকে কি তুমি সমর্থন কর? তাদের আচরণের বিবরণ দাও। ৪

## নির্বাচিত বিষয়সমূহ

৮। অনেক কষ্টে লেখাপড়া শেষ করে কাজী রতন একটি চাকরি জোগাড় করলেন। কিন্তু কিছুদিন যেতে না যেতেই তিনি ঘুষ খেয়ে বড়লোক হয়ে গেলেন।

ক. ঘুষ খাওয়ার হুকুম কী? ১

খ. তোমার পাঠ্যবই থেকে ঘুষের প্রসঙ্গে একটি হাদীস লেখ। ২

গ. কাজী রতনের দুর্নীতির পরিণতি তোমার পাঠ্যবইয়ের আলোকে লেখ। ৩

ঘ. কাজী রতনের প্রতি তোমার উপদেশাবলি উল্লেখ কর। ৪

৯। কৃষ্ণা ও রাম অমুসলিম থাকাবস্থায় সুদি কারবার করতো। ইসলাম গ্রহণের পর কৃষ্ণা রামের নিকট প্রাপ্য সুদ চাইলে রাম মুসলিম অবস্থায় সুদ দিতে অস্বীকার করে। এতে দু'জনের মধ্যে ঝগড়া বাধলে তারা এলাকার চেয়ারম্যানের নিকট বিচার চায়। চেয়ারম্যান সাহেব এর সমাধানের জন্য মাওলানা আরাফাত সাহেবের নিকট গেলে তিনি তেলাওয়াত করেন-

﴿يا يها الذين امنوا اتقوا الله وذروا ما بقى من الربوا﴾

ক. ربوا এর শাব্দিক অর্থ কী? ১

খ. ربوا বা সুদ কাকে বলে? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে কোন ঘটনার মিল রয়েছে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. শরীয়া অনুযায়ী সমাধানের জন্য চেয়ারম্যান সাহেবের কার্যটি মূল্যায়ন কর। ৪

## তাজভীদ

১০। ক্বারী সাহেব তাজভীদ ক্লাসে ছাত্রদের থেকে তেলাওয়াত শুনলেন। একজন ছাত্র وهم مهتدون বাক্যের ইদগাম না করে গুন্না ছাড়া পাঠ করল। এ তেলাওয়াত শুনে ক্বারী সাহেব বললেন, তুমি এখানে তাজভীদের একটি গুরুত্বপূর্ণ কায়দা লঙ্ঘন করেছ।

ক. মীম সাকিন কাকে বলে? ১

খ. মীম সাকিনের কায়দাগুলো উদাহরণসহ লিখ। ২

গ. তেলাওয়াতকারী ছাত্র কী ভুল করেছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. মীম সাকিনের নিয়মসমূহ উল্লেখসহ বিশ্লেষণ কর। ৪

১১। মাও. ইসহাক একদা রমযান মাসে তারাবিহ পড়তে গিয়ে শুনলেন, হাফেজ সাহেব খুব দ্রুত কুরআন তিলাওয়াত করছেন। নামায শেষে তিনি হাফেজ সাহেবকে বললেন, হাফেজ সাহেব! এভাবে নামাযে কুরআন শরীফ তেলাওয়াত করলে সাওয়াবের পরিবর্তে গুনাহ হওয়ার আশংকাই বেশি।

ক) مد শব্দের অর্থ কী? ১

খ) তারতিল কাকে বলে? ২

গ) দ্রুত তেলাওয়াতের কারণে হাফেজ সাহেবের কী কী ভুল হতে পারে? ৩

ঘ) তুমি কি মাওলানা সাহেবের মন্তব্যের সাথে একমত? তোমার মতামত যুক্তিসহ পেশ কর। ৪